



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/২৩৩১৯১২৯৮৫২১/৩৩৬৮ /সুনাগঞ্জ-০৬

তারিখ: ২৬.০৯.২০১৯খ্রি.

বিষয়:- অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সুনাগঞ্জ জেলার ছাতক উপজেলাধীন জাহিদপুর জামেয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসার অভিভাবকবৃন্দ বোর্ডে দাখিলকৃত ম্যানেজিং কমিটির বিরুদ্ধে একখানা অভিযোগ দাখিল করেছেন। অভিযোগ পর্যালোচনায় দেখা যায় নির্বাচনের তফসিল ঘোষণার পূর্বে খসড়া ভোটার তালিকা তৈরি ও সভাপতি খসড়া ভোটার তালিকায় অনুমোদন করার পর বিধি অনুযায়ী প্রতিষ্ঠান প্রধান কর্তৃক শ্রেণীকক্ষে পাঠ করে শুনানো হয় নাই এবং সকলকে অবগতি করার জন্য নোটিশ বোর্ডে টাঙানো হয় নাই মর্মে অভিযোগে উল্লেখ করেছেন। (কপি সংযুক্ত)

বর্ণিত অবস্থায় অভিযোগকারীর অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সার্বিক বিষয়ে মতামতসহ প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক.....১..... পাতা

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

(মোঃ সিদ্দিকুর রহমান)
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬১২৮৫৮

উপজেলা নির্বাহী অফিসার,
ছাতক, সুনাগঞ্জ

নং-বামাশিবো/প্রশা/২৩৩১৯১২৯৮৫২১/

/সুনাগঞ্জ-০৬

তারিখ: .০৯.২০১৯খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, সুনাগঞ্জ;
২. জেলা শিক্ষা অফিসার, সুনাগঞ্জ;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ছাতক, সুনাগঞ্জ;
৪. সুপার/সভাপতি, জাহিদপুর জামেয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা ছাতক, সুনাগঞ্জ;
৫. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহোদয়ের অবগতির জন্য);
৬. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

(মোঃ ওমর ফারুক)

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪

তারিখ: ০১-০৮-২০১৯ইং

বরাবর
চেয়ারম্যান,
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বক্সীবাজার, ঢাকা।

বিষয়: জাহিদপুর জামেয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসার পরিচালনা কমিটিকে কোন প্রকার অনুমোদন প্রদান না করিয়া ও ভোটার তালিকা সংশোধন পূর্বক পূণ:তফসিল ও নির্বাচন ঘোষণা প্রসঙ্গে।

জনাব,

বিনীত নিবেদন এই যে, আমরা নিম্ন স্বাক্ষরকারীগণ সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলার জাহিদপুর জামেয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসার অভিভাবকবৃন্দ। আমাদের ছেলে-মেয়েরা উক্ত মাদ্রাসায় লেখা পড়া করে। আনুমানিক ১০(দশ) বছর যাবৎ এই মাদ্রাসার পরিচালনা কমিটির নির্বাচন হচ্ছে না। অথচ আমরা অভিভাবকগণ পরিচালনা কমিটির নির্বাচন করতে আগ্রহী। কখনো আমাদেরকে নির্বাচনের তফসিল জানানো হয়নি। কিন্তু উক্ত মাদ্রাসার পরিচালনা কমিটির মেয়াদ উত্তীর্ণ হলে গত জুন মাসে মাদ্রাসা কর্তৃপক্ষ নতুন কমিটি গঠন করেন। যা একাধিক সংবাদ মাধ্যমে প্রচারিত হলে সচেতন অভিভাবকবৃন্দ তা প্রত্যাখ্যান করে নির্বাচনের মাধ্যমে কমিটি গঠনের দাবি জানান। দায়সারা ও লুকোচুরির কমিটির প্রেক্ষিতে এলাকাবাসীর মধ্যে পুঞ্জীভূত ক্ষোভের ফলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ নির্বাচন দিতে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কে প্রিজাইডিং অফিসার নিয়োগ করে। পরবর্তীতে তিনি ০৭-০৭-২০১৯ইং তারিখে তফসিল ঘোষণা করে ২৮-০৭-২০১৯ইং তারিখে নির্বাচনের তারিখ ধার্য করেন, ১০-০৭-২০১৯, ১১-০৭-২০১৯ ও ১৩-০৭-২০১৯ইং তারিখে মনোনয়নপত্র সংগ্রহ ও জমাদান, ১৪-০৭-২০১৯ইং তারিখে বাছাই, ১৫-০৭-২০১৯ইং তারিখে প্রত্যাহার সম্পাদন করেন। আইন অনুযায়ী তফসিল ঘোষণার পূর্বে খসড়া ভোটার তালিকা তৈরী করে ও অনুমোদনের পর প্রতিষ্ঠান প্রধান প্রত্যেক শ্রেণীকক্ষে পাঠ করিয়া শুনাইবার ব্যবস্থা করিবেন ও সকলকে অবগত করিবার জন্য নোটিশ বোর্ডে টানিয়া রাখিবেন। এমনকি সংশোধনের জন্য ৫(পাঁচ) কার্য দিবস রাখতে হবে তাও করা হয় নাই। অত:পর ২৮-০৭-২০১৯ইং তারিখে প্রহসনের মাধ্যমে নির্বাচন ব্যতীত নিজেদের পছন্দসই প্রার্থীদের বিভিন্ন পদে, বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষণা করে কমিটি গঠন করা হয় যা আইন বিরোধী ও অবৈধ। উক্ত নির্বাচন স্থগিতকরন ও ভোটার তালিকা সংশোধন পূর্বক পূণ:তফসিল ও নির্বাচন ঘোষণা জন্য গত ২৪-০৭-২০১৯ইং তারিখে “অতিরিক্ত জেলা প্রশাসক” (শিক্ষা ও উন্নয়ন), সুনামগঞ্জ বরাবর এবং ২৫-০৭-২০১৯ইং তারিখে “উপজেলা নির্বাহী অফিসার”, ছাতক, সুনামগঞ্জ বরাবর দরখাস্ত পেশ করা হলেও তারা কোন কার্যকরী পদক্ষেপ গ্রহণ করেননি। এমতাবস্থায় নতুনভাবে তফসিল ঘোষণা করে নতুন নির্বাচন করা অত্যাাবশ্যিক।

অতএব,মহোদয়ের নিকট বিনীত প্রার্থনা এই যে, উপরোক্ত বিষয়াদি গুরত্বের সহিত বিবেচনা করিয়া সিলেট জেলার ছাতক উপজেলার জাহিদপুর জামেয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসার অবৈধ পরিচালনা কমিটিকে কোন প্রকার অনুমোদন প্রদান না করিয়া ও ভোটার তালিকা সংশোধন পূর্বক পূণ:তফসিল ঘোষণা করে নতুন নির্বাচন দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া বাধিত করিবেন।

বিনীত নিবেদক-

স্বাক্ষর: মোঃ মিজানুর রহমান

১. (মো: সমছু মিয়া)

মোবাইল: ০১৭২১৪৮৪৯৭০

স্বাক্ষর: মোঃ শাহজাহান মিয়া

২. (মো: শাহজাহান মিয়া),

মোবাইল: ০১৭৩১৬২৩২২৭

উক্তসং সাং জাহিদপুর ডাকঘর, জাহিদপুর-৩৭১৮৭ থানা, ছাতক জেলা, সুনামগঞ্জ।